R. N. No. 2532/57 | Phone No. 66-228 | Regd. No.—WB/MSD—4

অবজেকশন ফর্ম, রেশন কার্ডের ফর্ম, পি ট্যাক্সের এবং এম আর ডিলারদের যাবতীয় ফর্ম, ঘরভাড়া রসিদ, খোঁয়াড়ের রসিদ ছাড়াও বহু ধরনের ফরম এখানে পাবেন।

**দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন**

রঘুনাথগঞ্জ :: ফোন নং-৬৬-২২৮

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )

**এপিকের** গো-খাদ্য
**সুপার হিমুলদানা**
এবং মুরগী, মাছের খাদ্য বিক্রেতা
**পুরুষোত্তম খাদ্য ভাণ্ডার**
( ওয়েষ্ট বেঙ্গল ডেয়ারী পোলট্রি ডেভেলপমেন্ট করপোরেশন লিঃ অনুমোদিত )
মিঞাপুর কালী মন্দিরের সম্মুখে
পোঃ ঘোড়শালা ( মুর্শিদাবাদ )

৮১শ বর্ষ
১৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৪ই ভাদ্র বুধবার, ১৪০১ সাল।
৩১শে আগষ্ট, ১৯৯৪ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫ টাকা

## জঙ্গিপুর হাসপাতালের রাহুর দশা কবে কাটবে কেউ জানে না

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর হাসপাতালের কথা উঠলেই মনে পড়ে অব্যবস্থার এক চরম মূর্তিমান বিভীষিকা। এখানে এক মাসের ওপর এক্সরে মেশিন বন্ধ। তিনটে মেশিনের একটিও চলে না। একটি গত দু'বছর আগে খারাপ হয়ে গেছে। সারানো যাবে এমন আশা নাই। দু'নম্বরটি সারাবার জন্য কোম্পানীর ঘরে পড়ে আছে দু'মাস থেকে, সেটি কবে সেরে আসবে বা আদৌ আসবে কি না কেউ জানে না। প্রশ্ন করলে সদুত্তরও মেলে না। সবে ধন নীলমণি শেষেরটি বিগড়েছে এক মাস আগে। যে সংস্থার উপর মেসিন মেরামতের দায়িত্ব আছে তাঁদের নিযুক্ত কর্মী সারাতে আসেন এখানে এবং প্রয়োজনীয় পার্টস্ আনতে অগস্ত্য মাত্রা করেন। দুর্ঘটনায় পড়া রোগীরা ভর্তি হলেও এক্সরে মেসিন ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দুষ্কৃতীর গুলিতে এক মহিলা বাসযাত্রীর মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : গত ২৮ আগষ্ট রাত আটটা নাগাদ ৩৪নং জাতীয় সড়কের আইরা ও মহুলা বাস ষ্টপেজের কাছে বাস ডাকাতিতে এক মহিলা যাত্রী দুষ্কৃতীর গুলিতে ঘটনাস্থলে মারা যান। খবর, কৃষ্ণনগর—কুচবিহার রুটের যাত্রীবাহী একটি ষ্টেট বাস (No. W B 63/ 0700) বহরমপুর থেকে ছেড়ে নবগ্রাম থানার মহুলার কাছাকাছি পৌঁছলে আটজন দুষ্কৃতী বাস থামিয়ে লুটপাট শুরু করে। যাত্রীরা বাধা দিলে দুষ্কৃতীরা এক রাউণ্ড গুলি চালালে জনৈক যাত্রী পার্বতী রায়ের কনুই-এ লেগে গুলিটি ঘুরে তাঁর স্ত্রী গীতা রায়ের বগল ভেদ করে ফুসফুসে আঘাত করে। গীতা রায়কে জঙ্গিপুর হাসপাতালে নিয়ে এলে তাঁকে মৃত ঘোষণা করা হয়। এস পি ঘটনাস্থল পরিদর্শন করে নবগ্রাম থানার পেট্রল কর্মীদের কর্তব্যে অবহেলার অভিযোগে সাসপেণ্ড করেন। এই ঘটনায় নিমগ্রামের তিনজন দুষ্কৃতীকে পুলিশ গ্রেপ্তার করেছে।

## চোরাই পোস্ত বাজার মাত করেছে

সাগরদীঘি : বেশ কিছুদিন থেকে মোরগ্রাম বাজারে প্রচুর পরিমাণে পোস্ত আসছে। এই সব পোস্ত নেপাল থেকে চোরাপথে আসছে বলে খবর। রাতের অন্ধকারে এক শ্রেণীর মানুষ এ গুলি লরী অথবা বাসে মোরগ্রাম পেট্রোল পাম্পের আশে-পাশে নামাচ্ছে। তারপর তা স্থানীয় বাজার ছাড়া আজিমগঞ্জ-রামপুরহাট লাইনের ট্রেনে দূর-দূরান্তের বাজারে পৌঁছে যাচ্ছে। এ সব কাজে বিরাট চক্র জড়িত আছে। পোস্তর বর্তমান বাজার দর কেজি প্রতি ১১০ টাকা। কিন্তু এই চোরাই পোস্ত ৩০ টাকা থেকে ৫০ টাকার মধ্যে বিক্রী হচ্ছে। চোরাই পোস্ত বাজারের চেয়ে নিম্নমানের হলেও দর কম থাকায় বাজার মাত করেছে। ছোট বড় প্রত্যেক ব্যবসায়ীই এই পোস্ত সস্তায় কিনে খদ্দেরের কাছে দ্বিগুণ লাভে বিক্রী করছে। অনেক মহিলাও এই পোস্ত চালানের কাজে নিযুক্ত রয়েছে। তারা ধানের তুষ বা গুঁড়ো বলে পোস্ত ভর্তি বস্তা বিভিন্ন বাজারে পাচার করছে। সমস্ত কাজই পুলিশের সঙ্গে গোপন যোগ-সাজসে চলছে বলে ঐ অঞ্চলের মানুষের অভিযোগ।

## গ্রামের মানুষের সেবায় মনিগ্রাম ডন বস্কো

ফরাক্কা : এই ব্লকের বাহাদুরপুর গ্রাম, এমন একটি গ্রাম যেখানে বছরের ৫/৬ মাস নদীর জলে যোগাযোগ বন্ধ থাকে। নেই কোন প্রাঃ স্কুল, হেলথ সেণ্টার বা ডাকঘরের সুযোগ। এনটিপিসির নিকটে থেকেও ( শেষ পৃঃ দ্রঃ )

## যাবজ্জীবন কারাদণ্ড

জঙ্গিপুর : গত ১৯৯২ সালে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের জয়রামপুরে মেলার এক জুয়ার আসরে কুড়ান সেখ নামে জনৈক ব্যক্তি কয়েকজন আততায়ীর হাতে খুন হন। কেস নং ৫৮/৯২। রঘুনাথগঞ্জ থানার ওসি দুলাল ভট্টাচার্য্যের তৎপরতায় গত ৩১-৫-৯২ নব্বই দিনের মধ্যে ঐ কেসের চার্জশীট জমা দেওয়া হয়। তার পরিপ্রেক্ষিতে গত ২৪ আগষ্ট '৯৪ ডিষ্ট্রিক্ট সেসন জজ হত্যার অপরাধে ঐ গ্রামের দুই ভাই কিচলু খাঁ ও মান্নু খাঁকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করেন।

**পশ্চিমবঙ্গ সরকারের বিশেষ বিবাহ আইন ১৯৫৪ অনুযায়ী প্রতিটি বিবাহ রেজিস্ট্রেশনের সুযোগ গ্রহণ করুন।**

**বিবাহ রেজিষ্ট্রী অফিস**

বিবাহ অফিসার—শ্রীশিবশংকর গাঙ্গুলী

**রঘুনাথগঞ্জ ফাঁসিতলা ( গার্লস্ স্কুলের পার্শ্বে )**

প্রতিটি বিবাহ নথিভুক্ত করানো বাধ্যতামূলক। পাসপোর্ট প্রাপ্তির ক্ষেত্রে, স্বামী-স্ত্রীর সু-সম্পর্ক ও সন্তান-সন্ততির প্রমাণের জন্য, ভবিষ্যতে আপনার পারিবারিক পেনসন ও যে কোনো সঞ্চয় প্রকল্পের নমিনী প্রমাণের কথা চিন্তা করে বিবাহের আগে বা পরে সকল সম্প্রদায়ের জন্য বিবাহ রেজিষ্ট্রি অবশ্যই করণীয়।

আপনি এই রেজিষ্ট্রেশন বিবাহ অফিসে এসে অথবা নিজের বাড়ীতে অফিসার নিয়ে গিয়ে করাতে পারেন।

অফিস : সময়—সকাল ৭টা হ'তে ১০টা/বিকেল ৩টা হ'তে ৫টা।

**বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?**

**শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।**

**সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।**

**ফোন : আর জি জি ৬৬২০৫**

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

১৪ই ভাদ্র বুধবার, ১৪০১ সাল।


## নাবালকেও বুঝিবে

কেন্দ্রীয় কংগ্রেস হাইকম্যাণ্ড হইতে এই রাজ্যের কংগ্রেসীর প্রতি ফতোয়া জারী করা হইয়াছিল। বলা হয় যে, রাজ্যস্তরে কংগ্রেস (ই) ও যুব কংগ্রেসের গোষ্ঠীগত দ্বন্দ্ব দূর করিয়া সি পি এম এর বিরুদ্ধে লড়িতে হইবে। এই রকম করিতে পারিলে রাজ্য হইতে বামফ্রণ্টের শাসন চলিয়া যাইবে ; কংগ্রেস (ই) শাসন কায়েম হইবে।

যুব কংগ্রেসের সঙ্গে কংগ্রেস ( ই )-র সোমেন সমর্থকগণের সমঝোতা প্রধান প্রশ্ন হিসাবে দেখা গিয়াছিল বলিয়াই উল্লেখিত ফতোয়া জারী করা হয় বলিয়া অনেকে মনে করেন। সে দিকটা যদি বা কিছু সম্ভাবনার আশ্বাস দিয়াছিল, পঞ্চায়েতীরাজ সম্মেলনের পর প্রিয়রঞ্জন দাসমুন্সি, সোমেন মিত্র, ডাঃ জয়নাল আবেদিন প্রভৃতি নেতাদের মধ্যে 'খিস্তিখেউর' শুরু হইয়া গিয়াছে। তৃণমূল স্তরের কংগ্রেসীরা হতচকিত হইয়া পড়িয়াছেন। এখন যে বিরোধের সূচনা হইয়াছে, তাহাতে বামফ্রণ্টের বিরুদ্ধে লড়াই করিবার কতটুকু শক্তি কংগ্রেস (ই) দল লাভ করিবে, তাহা ভাবিবার বিষয়।

পরন্তু কংগ্রেস এই ভাবে বরাবরই টুকরা-টুকরা হইয়াছে। সবভারতীয় স্তরে কংগ্রেস (স) ও কংগ্রেস (ই) রহিয়াছে ; যদিচ কংগ্রেস (স) এখন আর তেমন শক্তিশালী নয়। পশ্চিমবঙ্গে কংগ্রেস (ই) দলের নেতাদের মধ্যে পারস্পরিকভাবে কর্দম নিক্ষেপ আরম্ভ হইয়াছে।

প্রিয়রঞ্জন দাসমুন্সির অভিযোগ, সোমেনবাবু তাঁহাকে চেয়ারম্যান করিয়া তদন্ত কমিটি গঠনের পর হইতেই নানা প্রকার আক্রমণাত্মক কথা নাকি বলিতেছেন। আর হয়ত সেই কারণেই বর্তমান পরিস্থিতি এই যে, হাইকম্যাণ্ড স্তরে অভিযোগ-পাল্টা-অভিযোগ দাখিল হইতেছে। রাজ্য কংগ্রেস সভাপতি নয়া দিল্লীকে জানাইয়াছেন যে, পঞ্চায়েতীরাজ সম্মেলনে প্রিয়বাবু বেশ কয়েকজন কংগ্রেসী নেতার সঙ্গে সি পি এম-এর ঘনিষ্ঠ সম্বন্ধ আছে বলিয়া যে কথা বলেন, তাহা তাঁহাকে প্রত্যাহার করিতে হইবে। অপর দিকে প্রিয়বাবু বলিয়াছেন যে, তিনি সোমেন মিত্রের বিরুদ্ধে কোন কথাই বলেন নাই। আর যে তদন্তের কথা উঠিয়াছে, তাহাতেও তিনি রাজী আছেন বলিয়াছেন ; তবে উহার সম্পর্কে কিছু বক্তব্য তাঁহার আছে।

এই পরিস্থিতিতে কংগ্রেস (ই) দল রাজ্যস্তরে কতটা যে শক্তিশালী হইবে, তাহা ভাবিবার বিষয় এবং এই দ্বন্দ্বদীর্ণ দল যে একটি সুসংগঠিত দলের বিরুদ্ধে লড়িতে গেলে যে তাহা 'শিশুক্রীড়া' ছাড়া আর কিছু হইতে পারে না, তাহা একটি নাবালকেও বুঝিতে পারে।

### বি জে পি থেকে ফরওয়ার্ড ব্লকে ফরাক্কা কেন্দ্রের অন্যতম সম্পাদক

ফরাক্কা : ফরাক্কা কেন্দ্রের বি জে পির অন্যতম সম্পাদক প্রদীপ ঘোষ সম্প্রতি বি জে পি থেকে পদত্যাগ করে ফঃ ব্লকে যোগ দিয়েছেন। তিনি লিখিতভাবে জানিয়েছেন যে, বি জে পি দল পুঁজিপতিদের স্বার্থরক্ষায় সদা ব্যস্ত হয়ে সাধারণ মানুষের মঙ্গলে কোন কর্মসূচী নিচ্ছেন না। তাই বিরক্ত ও ক্ষুব্ধ হয়ে তিনি বি জে পি দল ত্যাগ করে ফঃ ব্লকে যোগ দিলেন। বি জে পির স্থানীয় নেতা ষষ্ঠীচরণ ঘোষকে এ সম্বন্ধে প্রশ্ন করলে তিনি বলেন প্রদীপ ঘোষকে নানা দুর্নীতির অভিযোগে গত ২৮ ডিসেম্বর '৯৩ দল থেকে বহিষ্কৃত করা হয়েছে। বহিষ্কারের পর দলত্যাগের প্রশ্ন অবান্তর।

### সন্ধ্যে রাতে পর পর দুটি বাস ডাকাতি

রঘুনাথগঞ্জ : গত ২২ আগষ্ট রাত আটটা নাগাদ দুর্গাপুর--ফরাক্কা ষ্টেট বাসে ডাকাতি হয়। দুর্বৃত্তরা যাত্রীদের হাতঘড়ি গয়না জিনিসপত্র ও নগদ টাকা লুঠ করে। খবর দুর্গাপুর থেকে এই দুর্বৃত্তরা যাত্রী হয়ে বাসে চাপে। সংখ্যায় তারা ৬/৭ জন ছিল বলে জানা যায়। রঘুনাথগঞ্জ ঢোকার পথে কুলোড়ী গ্রামের কাছে ৩ জন দুর্বৃত্ত চালকের গলায় চাকু ধরে বাসটি থামায়। এবং যাত্রীদের ভয় দেখিয়ে সর্বস্ব লুঠ করে ওখানেই নেমে অন্ধকারে গা ঢাকা দেয়। পুলিশ লোহাপুরের পাঁচজনকে এই ঘটনায় গ্রেপ্তার করেছে।

অপর এক সংবাদে জানা যায় গত ২৮ আগষ্ট সন্ধ্যে রাতে মালদা থেকে অরঙ্গাবাদ আসার পথে গোপালনগরের কাছে দুষ্কৃতীরা একটি যাত্রীবাহী বাস ( ডবলু বি কিউ ১৯৫২ ) থামিয়ে ডাকাতি করে নেমে পালায়। বাসে যাত্রী ছিল কম। ১৮ থেকে ২২ বছরের ৫/৬ জন যুবক এই ডাকাতি করে বলে খবর।


নতুন ডিজাইনের
কার্ডের জন্য
একমাত্র কার্ডের দোকান
কার্ডস্ ফেয়ার
রঘুনাথগঞ্জ


### গ্রাম পঞ্চায়েত প্রধানের পদত্যাগ দাবীতে বিক্ষোভ

আহিরণ : গত ২৬ আগষ্ট কংগ্রেস ( ই ) দলের পঞ্চায়েত সদস্যগণ, যুব কংগ্রেস কর্মীরা এবং আরও কিছু রাজনৈতিক দলের সমর্থক বংশবাটী গ্রাম পঞ্চায়েত প্রধান মোহাঃ ইলিয়াস সেখের পদত্যাগের দাবীতে বিক্ষোভ দেখান। বিক্ষোভকারীরা সুতি ১নং পঞ্চায়েত সমিতির ই-ও-র কাছে ডেপুটেশন দিয়ে প্রধানের বিরুদ্ধে আনীত দুর্নীতির অভিযোগগুলির সরজমিন তদন্ত দাবী করেন। ঐ দিন বংশবাটী হাই স্কুল ময়দানে এক জনসভায় কংগ্রেস নেতা উমাপতি মণ্ডল প্রমুখ প্রধানের বিভিন্ন খাতের টাকা খরচ দেখিয়ে আত্মসাৎ করার অভিযোগ আনেন। তাঁদের বক্তব্য রাস্তাঘাট, স্কুল বাড়ী নির্মাণ, নলকূপ স্থাপন কোন কাজই হয়নি, কিন্তু সে সব বাবদ লক্ষ লক্ষ টাকা ভূয়া খরচ দেখিয়ে তছনছ করা হয়েছে। সংখ্যা লঘু প্রধান অনাস্থায় হেরে গিয়ে হাইকোর্টের আশ্রয়ে আত্মরক্ষা করে এখন তাঁর খাতাপত্র সামাল দিতে ব্যস্ত। সে কারণেই কংগ্রেসীরা প্রধানের বিরুদ্ধে আনীত অভিযোগগুলি বিডিওকে সরজমিন তদন্ত করে তাঁকে অপসারণের দাবী জানান। যদি প্রধান পদত্যাগ না করেন বা তাঁকে অপসারণ করা না হয় তবে কংগ্রেসীরা বৃহত্তর অহিংস গণআন্দোলন শুরু করে পঞ্চায়েতের কাজকর্ম অচল করে দিতে বাধ্য হবেন বলে নেতারা সভায় ঘোষণা করেন।

### নবভারত স্পোর্টিং এ সদ্ভাবনা দিবস

মির্জাপুর : গত ২০ আগষ্ট রাজীব গান্ধীর জন্মদিন ভারত সরকার সদ্ভাবনা দিবস হিসাবে চিহ্নিত করেন। ঐ দিন স্থানীয় নবভারত স্পোর্টিং ক্লাবে সদ্ভাবনা দিবস উপলক্ষে রাখীর মাধ্যমে বন্ধুত্বের বন্ধন, দৌড় এবং আন্তঃ ব্লক পাওয়ার ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মোট ১৮টি ফুটবল দল খেলায় অংশ নেয়। বিজয়ীর সম্মান পায় দফরপুর প্রগতি সংঘ। রানার্স-এর সম্মান পায় বাড়ালা নেতাজী সংঘ। সফল প্রতিযোগীদের ভারত সরকারের তরফ থেকে শংসা পত্র দেওয়া হয়। ঐ দিন ৫০টি তপশীলি উপজাতি পরিবারকে রেডক্রশ থেকে বাটারঅয়েল দান করা হয়।


বাড়ী বিক্রয়

ইন্দিরাপল্লীর (ম্যাকেঞ্জি পার্কের উল্টোদিকে) ৫॥০ কাঠা জায়গার উপর একতলা পাকা নূতন বাড়ী বিক্রয় আছে।

যোগাযোগ করুন : ( রবিবার সকাল ৯টা হইতে ১১টা )

তমাল দাস
২২২ গোডাউন রোড
( নন্দী ষ্টুডিওর উল্টোদিকে )
রঘুনাথগঞ্জ

# NTPC HIGH SCHOOL

**P. O. NABARUN, Dist. MALDA ( West Bengal ) Pin-732215**

## Applications are invited for the following posts

| Sl. No. | Post | No. of Post | Minimum Qualification | Experience |
|---|---|---|---|---|
| 01. | Headmaster | 01 | 2nd Class (Hons.) & 2nd Class Master Degree from recognised University & B. Ed. | Minimum 10 years experience as a Asstt. Headmaster or 05 years experience as a Head-master in any recognised Higher Secondary School. |
| 02. | Asstt. Headmaster | 01 | 2nd Class (Hons.) & 2nd Class Master Degree from recognised University & B. Ed. Preference shall be given to the candidates with Geography & History as combination subject in graduate level. | Minimum 10 years teaching experience in any recognised Higher Secondary School. |
| 03. | Asstt, Teacher in Geography (for Secondry & Higher Secon-dary Section) | 01 | 2nd Class (Hons.) & 2nd Class Master Degree in Geography and B. Ed. | 02 years teaching experience in recognised Secondary/Higher Secondary School. |
| 04. | Asstt. Teacher in Hindi ( for Secondary & Higher Secon-dary Section) | 01 | 2nd Class (Hons.)/2nd Class Master Degree in Hindi & B. Ed./B. P. Ed. | 02 years teaching experience in recognised Secondary/Higher Secondary School. Knowledge in Bengali is desirable. |
| 05. | Asstt. Teacher in Art/Drawing (for Primary Section) | 01 | Graduate from recognised University. Diploma in Fine Arts from recognised University. | 02 years experience in teaching 'Arts/Drawing' in any reputed institution. |

## General Conditions :

1. Scale of Pay as per rules framed by W. B. Board and by W. B. Govt. for such school.
2. Provision for residential accommodation as per rules of the school.
3. Provision for free medical treatment at NTPC Hospital as per rules framed by School Management Committee.
4. Candidates called for interview will be paid 2nd Class to & fro Railway fare by the shortest route.
5. Knowledge of Bengali (Spoken & Written) is essential. However in case of item 4, knowledge in Bengali is desirable.
6. Appropriate Authority reserves the right of selection without any prejudice.
7. Age limit for the post at Sl. No. 1 & 2 is 45 years and 3, 4, & 5 is 35 years ( relaxable by 5 years for SC/ST candidates ).
8. Management reserves the right to raise the eligibility criteria in order to restrict the number of candidates to be called for interview.
9. Interested candidates may apply to Mr. T. K. Sinha, Chief Manager ( C & M ), NTPC/FSTPP, P. O. Nabarun (742236) Dist. Murshidabad (W. B.) giving full Bio-Data alongwith IPO for Rs. 10/- (Ten) drawn in favour of the School and attested Xerox copies of Marksheets, Testimonials and certificates within 15 days from the date of advertisement.

**The envelop must be superscribed with the name of the post applied for.**

## ডি এন কলেজের রজত জয়ন্তী উৎসব

নিজস্ব প্রতিনিধি ঃ গত ২৩ আগষ্ট অরাঙ্গাবাদ ডি এন কলেজের রজত জয়ন্তী উৎসবের সূচনা করেন অনুষ্ঠানের সভাপতি পঃ বঙ্গ কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান ডঃ নিত্যানন্দ সাহা। বিশেষ অতিথি জেলা সমাহর্তা বিশেষ কারণে আসতে না পারায় বনগাঁ কলেজের অধ্যক্ষ অনিলচন্দ্র গুহ প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন। শ্রীগুহ এই কলেজেরই প্রাক্তন অধ্যক্ষ। পতাকা উত্তোলন, বৃক্ষ রোপন, কম্প্যুটার কেন্দ্রের উদ্বোধন করেন সভাপতি ডঃ নিত্যানন্দ সাহা। সভায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ ধীরেন্দ্রনাথ বিশ্বাস কলেজের বিভিন্ন সমস্যা ব্যাখ্যা করেন। অনুষ্ঠান কমিটির সভাপতি অনিলকুমার দাস স্বাগত ভাষণ দেন। শিক্ষাকর্মী সমিতির সম্পাদক মোঃ জামালউদ্দিন স্থায়ী অধ্যক্ষ নিয়োগের আশু প্রয়োজনীয়তার উপর জোর দেন। ফরাক্কার শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। সন্ধ্যেয় বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা চিত্রাঙ্গদা নৃত্যনাট্য এবং ছাত্র সংসদের পরিচালনায় সারা রাত্রি সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

গ্রামের মানুষের সেবায় ( ১ম পৃষ্ঠার পর )

বিদ্যুৎ নাই এ গ্রামে। মনিগ্রাম ডন বস্কোর প্রিন্সিপ্যাল ফাদার এন টি স্কারিয়া এই গ্রামটির সার্বিক উন্নয়নে সহায়তার হাত বাড়ান। সেখানে ছাত্রাবাস সহ একটি স্কুল করেছেন। মেয়েদের জন্য পৃথক ছাত্রীবাস সহ একটি স্কুল তৈরীর কাজ চলছে। গ্রামবাসীর স্বার্থে সেখানে একটি রুরাল হেলথ সেন্টারও করা হবে বলে ঠিক হয়েছে। আরও জানা যায় বাহাদুরপুর গ্রামের সর্বাত্মক উন্নয়নে ভবিষ্যতে সেখানে গড়ে উঠবে ফরাক্কা ডন বস্কো সোস্যাল ডেভেলপমেন্ট সেন্টার।

**Department of Telecommunication**
**Berhampore Telecom District**
**Telephone Adalat**

Telephone Adalat for Berhampore Telecom District will be conducted from 11 hrs. to 13 hrs. on 06-10-94 in the office of the Underisgned.

Interested subscribers of Berhampore Telecom District may send their complaints regarding excess billing/Service/Non provision or delayed provision of Telephone connection/Disconnection of telephone due to various reasons etc. if any for spot decision on the above mentioned date to the undersigned by name. The letters should be superscribed "Telephone Adalat" and should reach to the Undersigned on or before 23-9-94.

**P. K. Sikder**
Telecom District Engineer,
Berhampore Telecom District,
Berhampore ( W. B. )

জঙ্গিপুর হাসপাতালে ( ১ম পৃষ্ঠার পর )

বিকল থাকায় ছবি তুলতে বাইরে যেতে হচ্ছে। ওষুধপত্র, সেলাইন প্রভৃতির অভাব ভীষণভাবে প্রকট। সাসপেন্ডস এ্যাকাউন্টে ১ লক্ষ ৭৫ হাজার টাকা ওষুধ কেনা বাবত মজুত থাকলেও কার দায়িত্বে ওষুধ কেনা হবে কিছুই নাকি নির্দিষ্ট নেই। তাই ওষুধ কেনা হচ্ছে না। রোগীদের আত্মীয়দেরই ওষুধ ও সেলাইন বাজার থেকে কিনে আনতে হচ্ছে। অপরদিকে বেশ কিছুদিন থেকে এ্যাম্বুলেন্সটিও অকেজো হয়ে পড়ে আছে। মুমূর্ষু রোগীকে বহরমপুর পাঠাতে হলে পুরসভার এ্যাম্বুলেন্সই এখন ভরসা। কর্মী ফেডারেশন এসব ব্যাপারে প্রতিবাদী হয়ে না উঠে তাঁরা প্রতিবাদ করেছেন সি এম ও এইচের বিনা অনুমতিতে ১৮,০০০ সেলাইনের খালি বোতল নির্দিষ্ট কন্টাক্টারকে দেওয়া নিয়ে। ফেডারেশনের বক্তব্য সি এম ও এইচ ভাঙ্গা বোতল বিক্রির নির্দেশ দেন। কিন্তু কন্টাক্টারকে দেওয়া হয়েছে অটুট বোতল। এ এক অদ্ভুত পরিস্থিতি। হাসপাতালের সুষ্ঠু পরিচালনার জন্য একটি উপদেষ্টা কমিটি আছে, তাতে জঙ্গিপুরের পুরপতিও আছেন শুনেছি। কিন্তু তিনিও বিশেষ কিছু করতে পারছেন না কেন এ প্রশ্ন নাগরিকদের সবার মুখে।

**মুর্শিদাবাদ জিলা পরিষদ**
**বহরমপুর—৭৪২১০১**

## বিজ্ঞপ্তি

জিলা পরিষদে **C. G. I. Sheet** সরবরাহের জন্য প্রকৃত লৌহ ব্যবসায়ীগণের ( Hardware Merchants ) নিকট হ'তে দরপত্র আহ্বান করা হচ্ছে। এ ব্যাপারে অফিসে যোগাযোগ করে বিস্তারিত জেনে ৫/৯/৯৪ তারিখ বেলা ৩-০০ টার মধ্যে আবেদন করতে হবে।

জ্যোতির্ময় চক্রবর্তী
জেলা বাস্তুকার
মুর্শিদাবাদ জিলা পরিষদ

**মুর্শিদাবাদ জিলা পরিষদ**
বহরমপুর—৭৪২১০১

## বি জ্ঞ প্তি

মুর্শিদাবাদ জিলা পরিষদের উদ্যোগে বহরমপুর সংলগ্ন বানজেটিয়াতে একটি ক্ষুদ্র ও মাঝারি শিল্পকেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা করা হয়েছে।

প্রকৃত উৎসাহী উদ্যোক্তাদের নিকট হতে নিজের ও ব্যবসার বিস্তারিত বিবরণ ও প্রয়োজনীয় জমির পরিমাণ জানিয়ে ১৫/৯/৯৪ তারিখের মধ্যে আবেদনের আহ্বান করা হচ্ছে।

**জ্যোতির্ময় চক্রবর্তী**
জেলা বাস্তুকার
মুর্শিদাবাদ জিলা পরিষদ

**Simac Knitter DX—2000** উলবোনা মেশিন চালু অবস্থায় বিক্রয় আছে। যোগাযোগ করুন—

বিজয়কুমার জৈন ( পিংকু )
সম্মতিনগর (পুরাতন বাজার) মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।